

আওয়ামী নেতার বাড়ীতে ভার্টিসি ছাত্র হত্যার পর লালপুরে খমখমে অবস্থা

নাটোর জেলা সংবাদদাতার ফ্যাক্স : নাটোরের লালপুর উপজেলার হাবিবপুর গ্রামে গত বৃহস্পতিবার রাতের সন্ত্রাস এবং ভার্টিসি ছাত্র মোয়াজ্জেম হত্যার সাথে জড়িত কাউকে এখনো গ্রেফতার করা হয়নি। হাবিবপুর গ্রামে এখন চরম খমখমে অবস্থা বিরাজ করছে। সেখানে সার্বজনিক নিরাপত্তার জন্য পুলিশ ক্যাম্প বসানো হয়েছে।

হত্যাকাণ্ডের পর হাবিবপুর গ্রামে শোকের ছায়া নেমে এসেছে। নাটোর জেলা ও লালপুর উপজেলা আওয়ামী লীগ এই বর্বরোচিত হামলা ও হত্যাকাণ্ডের জন্য বিএনপিকে দায়ী করে বলেছে, লালপুরের একাধিক হত্যা মামলার আসামীদের এখনো গ্রেফতার করা হয়নি। বিএনপির আশ্রয়ে থেকেই তারা হত্যা ও সন্ত্রাস অব্যাহত রেখেছে।

গত বৃহস্পতিবারও রাত সাড়ে ৮টায় পার্শ্ববর্তী গ্রাম বাহাদুরপুরের ইউপি মেথর আবদুল খালেকের নেতৃত্বে শতাধিক সন্ত্রাসী হাবিবপুরের আওয়ামী লীগ নেতা শামীম রেজার বাড়ীতে হামলা চালায়। শামীম রেজা এ সময় প্রাণ ভয়ে খাটের নীচে লুকিয়ে নিজেকে রক্ষা করেন। সন্ত্রাসীরা শামীমের স্ত্রী শাহেলা খাতুন (২২) ও তার ভাবী রেবেনা খাতুনকে (২৫) বেদম মারপিট করে শামীম কোথায় আছে তা জানতে চায়। সন্ত্রাসীরা এ সময় শামীমের বাড়ীতে ব্যাপক ভাঙচুর ও ধ্বংসযজ্ঞ চালায়। সন্ত্রাসীরা গ্রামের অন্যান্য আওয়ামী লীগের কর্মী ও সমর্থকদের বাড়ীঘরেও হামলা ও ভাঙচুর চালায়। সন্ত্রাসীরা এ সময় শামীম রেজার ভাতিজা বিশ্ববিদ্যালয়ের শেষ বর্ষের ছাত্র মোয়াজ্জেম হোসেনকে রাস্তায় দেখতে পেয়ে গুলী করে। এতে ঘটনাস্থলেই তিনি নিহত হন। এ নির্মম